

# বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

৯২ হাওড়া-আমতারোড, বালিটিকুরী, দাসনগর, হাওড়া - ৭১১১১৩

(Regd. No. - 28(HOW), Date - 23.04.1974)

Memo. No.-BCB/173/2024-25

Date -27.08.2024

[প্রতিনিধি নির্বাচন-২০২৪ (Delegates Election-2024)]


:: মৃত সদস্য/সদস্যদের তালিকা সংক্রান্ত বিজ্ঞপ্তি ::

পশ্চিমবঙ্গ সমবায় নির্বাচন কমিশনের রেগুলেশন - ২০১২ এবং সমবায় নির্বাচন কমিশনের রিটার্নিং অফিসার, হাওড়া রেঞ্জ তথা সমবায় সমিতি সমূহের সহ-নিবন্ধক, হাওড়া রেঞ্জ-এর আদেশ নং - ৯১৮, তারিখ - ২৪.০৭.২০২৪ দ্বারা ক্ষমতা প্রাপ্ত হয়ে শ্রী সমীর কুমার ভুজ, সমবায় উন্নয়ন আধিকারিক তথা সহকারী রিটার্নিং অফিসার, হাওড়া রেঞ্জ, বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড - এর আসন্ন বিশেষ সাধারণ সভার জন্য প্রতিনিধি (Delegate) নির্বাচন উপলক্ষে নির্বাচনক্ষেত্র (Constituency) ভিত্তিক খসড়া নির্বাচক তালিকা আগামী ইংরাজী ২৮.০৮.২০২৪ তারিখ, বুধবার বৈকাল ৩:০০ টার সময়ে ব্যাঙ্কের প্রধান এবং শাখা অফিস গুলির নোটিস বোর্ডে প্রকাশ করবেন।

এই উপলক্ষে, আমি, শ্রী প্রশান্ত কুমার বন্দ্যোপাধ্যায়, স্পেশাল অফিসার (Special Officer), বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, উক্ত সমবায় ব্যাঙ্কের সমস্ত সদস্য/সদস্যা গণকে জানাচ্ছি যে, প্রতিনিধি (Delegate) নির্বাচন উপলক্ষে নির্বাচনক্ষেত্র (Constituency) ভিত্তিক মৃতসদস্য/সদস্যদের তালিকা আজ ইংরাজী ২৭.০৮.২০২৪ তারিখ, মঙ্গলবার সকাল ১১.৩০টার সময়ে প্রকাশ করছি, যা এই বিজ্ঞপ্তিসহ ব্যাঙ্কের প্রধান এবং শাখা অফিসগুলির নোটিস বোর্ডে এবং ব্যাঙ্কের Website এ প্রকাশিত থাকবে।

উক্ত নির্বাচনক্ষেত্র (Constituency) ভিত্তিক মৃত সদস্য/সদস্যদের তালিকা সংক্রান্ত কোন সংযোজন/সংশোধন কিংবা বিয়োজন বিষয়ে কোন সদস্য/সদস্যর কোন বক্তব্য/দাবি থাকলে অভিযোগের স্বপক্ষে যথোপযুক্ত প্রমাণ তথ্যাদি সহ আবেদনকারী নিজে অথবা তাঁর দ্বারা ক্ষমতাপ্রাপ্ত (Authorised) ব্যক্তি তা লিখিত ভাবে ইংরাজির ২৯.০৮.২০২৪ (বৃহঃস্পতিবার) তারিখ থেকে ২৫.০৯.২০২৪ (বুধবার) তারিখের মধ্যে ব্যাঙ্কের প্রধান অফিসে যেকোন কাজের দিন (ছুটিরদিন এবং সোমবার ব্যতীত) সকাল ৮.০০টা থেকে বেলা ১১.০০টা এবং বিকেল ৫.৩০থেকে সন্ধ্যা ৭.৩০এর মধ্যে প্রাপ্তি স্বীকার সাপেক্ষে জমা দিতে পারবেন। উপরোক্ত বক্তব্যের উপর আগামী ইংরাজির ২৪.০৯.২০২৪ এবং ২৫.০৯.২০২৪ (যথাক্রমে মঙ্গলবার এবং বুধবার) তারিখ বেলা ১১.৩০টা থেকে দুপুর ৩.০০টা এর মধ্যে ব্যাঙ্ক এর ভারপ্রাপ্ত আধিকারিক দ্বারা ব্যাঙ্কের প্রধান অফিস-গৃহে (৯২ হাওড়া-আমতারোড, বালিটিকুরী, দাসনগর, হাওড়া- ৭১১১১৩) শুনানি হবে। আবেদনকারীকে ঐ দিন শুনানির সময় তাহার বক্তব্যের স্বপক্ষে লিখিত/মুদ্রিত প্রমানাদি সহ ব্যক্তিগত ভাবে উপস্থিত থাকতে বলা হচ্ছে। অন্যথায় এক তরফা সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

শুনানি থেকে সংশোধনযোগ্য আবেদন গুলি যাতে চূড়ান্ত নির্বাচক তালিকায় স্থান পায় তার জন্য উক্ত আবেদন গুলি ২৬.০৯.২০২৪ (বৃহঃস্পতিবার) তারিখে সহকারি নির্বাচক আধিকারিকের নিকট শুনানির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

  
(শ্রী প্রশান্ত কুমার বন্দ্যোপাধ্যায়),  
Special Officer  
Balitkuri Co-operative Bank Ltd.  
স্পেশাল অফিসার

বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড